

কোরআনে ও বাইবেলে সালাত (Prayer)

আসসালামুয়ালাইকুম ওয়ারহমতুল্লাহি ওয়াবাকাতুহু

বিসমিল্লাহির রহমানির রাহীম

আজকের আলোচনার বিষয়বস্তু হচ্ছে, " কোরআনে ও বাইবেলে সালাত(Prayer)" ।

সালাত সংক্রান্ত কোরআনের আয়াত অনেক। 'সালাত' শব্দটি কোরআনে ৮৩ বার এসেছে। কোরআন ও সহীহ হাদীসে দৈনিক পাঁচ বার সালাত ফরজ করা হয়েছে এবং অত্যধিক গুরুত্ব দেয়া হয়েছে।

পবিত্র কুরআনে ইরশাদ হচ্ছেঃ

১। ' নিশ্চয়ই আমি আল্লাহ, আমি ছাড়া কোন ইলাহ নেই। অতএব কেবল আমারই ইবাদত কর এবং আমাকে স্মরণের উদ্দেশ্যে কায়েম কর সালাত।'

সূরা ত্ব-হা ২০ আয়াতঃ:১৪

إِنِّي أَنَا اللَّهُ لَا إِلَهَ إِلَّا أَنَا فَاعْبُدْنِي ۚ وَأَقِمِ الصَّلَاةَ لِذِكْرِي ﴿١٤﴾

আমিই আল্লাহ , আমি ছাড়া সত্য কোন মা'বুদ নেই; অতএব আমার ইবাদত কর এবং আমার স্মরণার্থে নামায কায়েম কর।

বাইবেলের বাণী

১। ম্যাথু(Mathew) ২৬:৩৬

অতঃপর ঈসা তাঁর শিস্যদের সহ এক স্থানে গমন করলেন, সে স্থানের নাম গেথেস্মাইন(Gethsemane) এবং তিনি তাদেরকে বললেন, তোমরা এখানে বস, আমি সামনে যাচ্ছি, এবং তিনি প্রার্থনা(prayer) করলেন, আরও একটু এগিয়ে তিনি মাটির সাথে মাথা লাগিয়ে (prostrete,সেজদা) প্রার্থনা করলেন।

২।মার্ক (Mark) ১:৩৫

খুব ভোরে ঈসা(Jesus) ঘুম থেকে উঠলেন, তখন অন্ধকার ঘর থেকে বেরিয়ে নির্জন স্থানে চলে গেলেন এবং সেখানে প্রার্থনা (prayer) করলেন।

সুতরাং প্রিয় ভাই ও বোনেরা সালাতের গুরুত্ব অনেক। আসুন, আমরা নিয়মিত পাঁচ ওয়াক্ত নামায ও তাহাজ্জুদ সালাত আদায় করি। সালাতে কি পড়ছি তা বুঝে বুঝে আল্লাহর সামনে রুকু ও সিজদা করি। আমরা সালাতে যখন সুরা ফাতিহা তেলাওয়াত করি, আল্লাহ সাথে সাথে জবাব দিয়ে থাকেন।

আল্লাহ আমাদেরকে সঠিক পথে পরিচালিত করুন। আমীন।

আসসালামুয়ালাইকুম ওয়ারহমতুল্লাহি ওয়াব্বারাকাতুহু।

.....